তারিখ 08 MAY 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৫

সংবাদ

ভিত্তিপ্রস্তর স্থাপনের এক বছর : পাস হয়নি বিল

# রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপন কার্যক্রম শুরু হয়নি

হাবিবুর রহমান স্বপন, পাবনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করার এক বছর গত হলেও একাডেমিক কার্যক্রম শুরু করা যায়নি। সংসদে বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য একটি বিল পাস উত্থাপন করা হলেও এতদ্‌সংক্রান্ত আইন পাস হয়নি। উল্লেখ্য, গত বৃহস্পতিবার (৫ মে) সংসদের অধিবেশন শেষ হয়েছে।

গতবছর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৪তম জন্ম জয়ন্তীতে ৮ মে (২৫ বৈশাখ) প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে শাহজাদপুর রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপনের ঘোষণা দেন এবং আনুষ্ঠানিকভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ উপলক্ষে শাহজাদপুরে এক বিশাল জনসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধানমন্ত্রী বিপুল করতালি এবং হর্ষধ্বনির মধ্যদিয়ে বহু প্রতিক্ষিত এই বিশ্ববিদ্যালয় স্থাপনের কারণও ব্যাখ্যা করেন। তিনি বলেন, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়

রবীন্দ্র : পৃষ্ঠা : ২ ক : ৪

## রবীন্দ্র : বিশ্ববিদ্যালয়

(১৬ পৃষ্ঠার পর)

আমাদের পরবর্তী প্রজন্মের সুস্থ শিল্প-সাহিত্য ও সাংস্কৃতিক চর্চার জন্য সহায়ক ভূমিকা পালন করবে।

বিশিষ্ট রবীন্দ্র গবেষক ও শিক্ষাবিদ শাহজাদপুর কলেজের সাবেক উপাধ্যক্ষ প্রফেসর মো. নাসিম উদ্দিন মালিথা বলেন, 'কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত শাহজাদপুরে বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবি দীর্ঘদিনের। প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষণায় জনগণ উৎফুল্ল হয়েছে তবে এক বছরেও এর কার্যক্রম শুরু না করায় জনমনে শঙ্কা দেখা দিয়েছে।' তিনি দ্রুত একাডেমিক কার্যক্রম শুরুর দাবি জানান।

আগামী একাডেমিক বর্ষে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির সকল বাধা দূর করার দাবি জানান শাহজাদপুরের সকল স্তরের জনগণ। তারা বলেন, যেভাবে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণের আগেই একডেমিক কার্যক্রম শুরু হয়েছে। একইভাবে শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমও অস্থায়ী ভবনে স্থাপন করা সম্ভব।